



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ২৫/০৩/২০১৮খ্রি:

২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষে

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আলোচনা সভা, প্রদীপ প্রজ্জ্বলন ও প্রামাণ্য চিত্র প্রদর্শন

২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চে বিকাল ৪.৩০ ঘটিকায় অনুষ্ঠিত গণহত্যা দিবসের আলোচনা সভায় আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ৭১ এর রণাঙ্গনের বীর মুক্তিযোদ্ধা কে.এস.এ. মহিউদ্দীন মানিক বীরপ্রতীক। আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। সভায় শুভেচ্ছা বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। এ সময় কলা ও মানবিক অনুষদের ডিন, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন, চেয়ারম্যানবন্দ, প্রক্টর, প্রভোস্টবন্দ, শিক্ষকমন্ডলী, পরিচালকগণ, শিক্ষার্থীবন্দ, দপ্তর প্রধানগণ, কর্মকর্তা এবং ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীবন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন রেজিস্ট্রার মো. মনিরুল ইসলাম। এদিকে ২৫ মার্চের কালরাত্রি স্মরণে সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনারে প্রদীপ প্রজ্জ্বলন কর্মসূচি পালন করা হয়। এতে উপাচার্য মহোদয়ের নেতৃত্বে বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবার অংশ নেয়। প্রদীপ প্রজ্জ্বলন শেষে মুক্তমঞ্চে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ এবং ২৫ মার্চের কালরাত্রি এর উপরে নির্মিত প্রামাণ্যচিত্র প্রদর্শিত হয়। প্রদর্শনী শেষে সন্ধ্যায় গণহত্যা দিবসের আলোচনায় অংশগ্রহণ করেন ৭১ এর রণাঙ্গনের অন্যতম বীর মুক্তিযোদ্ধা মুজিবনগর সরকারকে গার্ড অব অনার প্রদানকারী দলের প্রধান মাহবুব উদ্দীন আহমেদ বীরবিক্রম। অনুষ্ঠানে অতিথিদ্বয় কে ফুলেল শুভেচ্ছা এবং সম্মাননা স্মারক প্রদান করেন মাননীয় উপাচার্য মহোদয়। গণহত্যা দিবস উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয় কীর্তনখোলা ফিল্ম সোসাইটির আয়োজনে মুক্তিযুদ্ধভিত্তিক চলচিত্র প্রদর্শনীরও উদ্বোধন করেন উপাচার্য মহোদয়। এ সময় অন্যান্যদের সাথে প্রদর্শিত চলচিত্র উপভোগ করেন উপাচার্য মহোদয়ের সহধর্মিণী।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)

জনসংযোগ অফিস